ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-১৪৩

আগরতলা, ১০ এপ্রিল, ২০২৫

**প্রধানমন্ত্রী কৃষি সিঞ্চাই যোজনা**
**গত অর্থবছরে ১৪টি নতুন পুকুর খনন**

প্রধানমন্ত্রী কৃষি সিঞ্চাই যোজনায় ২০২৪-২৫ অর্থবছরে পশ্চিম ত্রিপুরা জেলার বিভিন্ন ব্লকের ১৪টি দুঃস্থ কৃষক পরিবারকে নতুন পুকুর খনন করে দেওয়া হয়েছে। প্রতিটি পুকুর খননে ৯০ হাজার টাকা করে ব্যয় হয়েছে। এছাড়া জেলার ১১টি দুঃস্থ কৃষক পরিবারের পুরানো পুকুর সংস্কার করে দেওয়া হয়েছে। এই কর্মসূচি বাস্তবায়নে ১ লক্ষ ৬৫ হাজার টাকা ব্যয় হয়েছে।

এছাড়া প্রধানমন্ত্রী কৃষি সিঞ্চাই যোজনায় ১৫ হাজার টাকা ভর্তুকীতে বিভিন্ন ব্লকের ৬৫ জন কৃষককে গত অর্থবছরে পাম্প সেট দেওয়া হয়েছে। পশ্চিম ত্রিপুরা জেলা কৃষি ও কৃষক কল্যাণ কার্যালয় থেকে এ সংবাদ জানানো হয়েছে।

*****